কেস স্টাডি 05/05/26

নিচের অনুচ্ছেদটি ভালো করে পড়ে প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো।

বছরের শেষের দিকে গ্রামের বড় মাঠে বার্ষিক গ্রাম্য মেলা বসে। এই মেলাটি গ্রামের সবার কাছে খুব প্রিয়। দূর-দূরান্ত থেকে মানুষ আসে এই মেলায় ঘুরতে। মাঠজুড়ে রঙিন আলোর সাজ, মাইক থেকে ভেসে আসা গান, আর মানুষের কোলাহলে পুরো পরিবেশটা আনন্দমুখর হয়ে ওঠে।

মেলায় নানা ধরনের দোকান বসে—মিষ্টির দোকান, খেলনার দোকান, বইয়ের দোকান, এমনকি হাতের তৈরি জিনিসেরও দোকান। শিশুদের জন্য থাকে নাগরদোলা, ট্রেনগাড়ি আর বাউন্সি। এছাড়া মেলার এক পাশে থাকে সাংস্কৃতিক অনুষ্ঠানের মঞ্চ, যেখানে গান, নাচ আর নাটক হয়।

এই বছর তিথি তার দাদা-দিদির সাথে মেলায় গিয়েছিল। তারা প্রথমে মেলার সব দোকান ঘুরে দেখল। তিথি একটি সুন্দর পুতুল কিনতে চাইল। দিদি তাকে বলল, আগে সব দেখে তারপর কিনতে। তারা নাগরদোলায় চড়ল এবং অনেক মজা করল।

হঠাৎ তিথি দেখতে পেল, একটি বৃদ্ধা ঠাকুমা ভারী ব্যাগ নিয়ে হাঁটতে কষ্ট পাচ্ছেন। তিথি এগিয়ে গিয়ে তাকে সাহায্য করল এবং তার ব্যাগটি কিছু দূর পর্যন্ত নিয়ে গেল। ঠাকুমা খুব খুশি হয়ে তাকে আশীর্বাদ করলেন।

এরপর তারা সাংস্কৃতিক অনুষ্ঠানে বসল। কিন্তু হঠাৎ বৃষ্টি শুরু হলো। সবাই ছুটে আশ্রয় নিতে লাগল। তিথি ও তার দাদা-দিদি একটি বড় তাঁবুর নিচে দাঁড়িয়ে পড়ল। কিছুক্ষণ পরে বৃষ্টি থেমে গেল এবং আবার মেলা জমে উঠল।

দিনের শেষে তারা সবাই বাড়ি ফিরল অনেক আনন্দ আর সুন্দর অভিজ্ঞতা নিয়ে। তিথি বুঝতে পারল, মেলায় শুধু আনন্দই নয়, অন্যকে সাহায্য করাও গুরুত্বপূর্ণ।

1.মেলাটি কোথায় বসেছিল?
স্কুলে/ নদীর ধারে / গ্রামের মাঠে / বাজারে ।

2.তিথি কার সাথে মেলায় গিয়েছিল?
বন্ধুদের সাথে / দাদা-দিদির সাথে / একা / শিক্ষকের সাথে ।

3.মেলায় কোন কোন জিনিস ছিল?
শুধু খাবার / শুধু খেলনা / দোকান, নাগরদোলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান / শুধু বই ।

4.তিথি কাকে সাহায্য করেছিল?
a) একটি ছোট ছেলে
b) তার বন্ধু
c) এক বৃদ্ধা ঠাকুমা
d) দোকানদার

5.মন্তব্য: তিথি একজন দয়ালু মেয়ে।
কারণ : সে বৃদ্ধা ঠাকুমাকে সাহায্য করেছিল।

মন্তব্য ও কারণ উভয়ই ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল / মন্তব্য ঠিক, কারণ ভুল / মন্তব্য ভুল,কারণ ঠিক।

6.মন্তব্য: মেলায় বিভিন্ন ধরনের অভিজ্ঞতা পাওয়া যায়।
কারণ : সেখানে খেলাধুলা, কেনাকাটা ও অনুষ্ঠান সবই থাকে।
মন্তব্য ও কারণ উভয়ই ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল / মন্তব্য ঠিক, কারণ ভুল / মন্তব্য ভুল,কারণ ঠিক।